# জানুয়ারী ২০২৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আক্তারুজ্জামান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| সভার স্থান | : | রাশেদুল ইসলাম কনফারেন্স হল রুম। |
| সভার তারিখ ও সময় | : | ০৯/০১/২০২৩ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা। |

## সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির বিগত ১৯/১২/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় অফিসার-ইনচার্জ (তদন্ত), ত্রিশাল থানা ডিসেম্বর/২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন।

### ডিসেম্বর/২০২২ মাসের অপরাধ চিত্র

| মাসের নাম | খুন | অপহরণ | ডাকাতি/ দস্যুতা/ চুরি | অগ্নি সংযোগ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | মাদক | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিসেম্বর/২০২২ | - | - | - | - | - | ০২ | ০৪ | - | ০৬ | ১২ |
| ডিসেম্বর/২০২১ | - | - | - | - | - | ০৩ | ১০ | ০১ | ১৭ | ৩১ |
| বিগত বছরের তুলনায় হ্রাস/বৃদ্ধি | - | - | - | - | - | হ্রাস | হ্রাস | হ্রাস | হ্রাস | হ্রাস |

৩। **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত আলোচনা :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ ফারুক আহমেদ, সাংবাদিক, দৈনিক ইত্তেফাক, সভায় জানান আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। দরিরামপুর মোড়ের যানজট নিরসন ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে সিসি ক্যামেরার নিয়ন্ত্রণে আনার জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানান। তিনি বলেন অতীতের তুলনায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ দালালের প্রতারনা কমেছে। রোগিদের স্বাস্থ্য সেবারমান আরও সহজিকরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। | রোগিদের স্বাস্থ্য সেবারমান আরও সহজিকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল। |
| চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নে গরু চুরি বৃদ্ধি পেয়েছে। তিনি আরও বলেন বালিপাড়া ইউনিয়নে মাদক অনেক বেশী ঢুকেছে। মাদক এবং গরু চুরির বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | মাদক এবং গরু চুরির বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল।<br>২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা। |

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান যে, ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ প্রতিদিন ১৫শত থেকে ১৬শত রোগি বিভিন্ন রোগের চিকিৎসার জন্য উপস্থিত হয়। রোগিদের নিরাপত্তা ও নিয়ন্ত্রণের জন্য প্রতিদিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ ২/৩জন আনসার নিয়োগের জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ ২/৩জন আনসার বিধি মোতাবেক নিয়োগের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, ত্রিশাল।<br>২। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল। |
| উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ আনসার নিয়োগের জন্য জেলা কমান্ডের নিকট চাহিদা প্রেরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা কে অনুরোধ জানান। তিনি আরও বলেন আনসার নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করা হবে। | আনসার নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, ত্রিশাল।<br>২। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল। |
| এ.এন.এম শোভা মিয়া আকন্দ, সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল সভায় ধানীখোলা রাস্তায় যানজট নিরসনের জন্য অনুরোধ জানান। ইষ্টিকুটুম হোটেল থেকে খলিল বিএসসি সাহেবের বাসা পর্যন্ত সরকারি জায়গায় অবৈধ স্থাপনাগুলি খতিয়ে দেখার জন্য সভায় প্রস্তাব করেন। | ধানীখোলা রাস্তার যানজট নিরসনসহ ইষ্টিকুটুম হোটেল থেকে খলিল বিএসসি সাহেবের বাসা পর্যন্ত সরকারি জায়গায় অবৈধ স্থাপনাগুলি খতিয়ে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, ত্রিশাল পৌরসভা<br>২। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল<br>৩। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা। |
| জনাব মোঃ ইকবাল হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ত্রিশাল উপজেলা শাখা সভায় ত্রিশাল গো-হাটার মোড়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের রাস্তায় সার্বক্ষণিক ব্যাপক যানজট থাকে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br><br>তিনি আরও বলেন পাঙ্গাস মাছ বিক্রি করতে গেলে ওজনে ৪১.৫০ কেজি নিয়ে আড়তদারগণ চাষীকে ৩৯ কেজির দাম দেয়। ফলে চাষীদের আর্থিকভাবে ব্যাপক ক্ষতি হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জনান। | ত্রিশাল গো-হাটার মোড়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের রাস্তায় যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। পাঙ্গাস মাছ বিক্রি করতে গেলে ওজনে ৪১.৫০ কেজি নিয়ে আড়তদারগণ চাষীকে ৩৯ কেজির দাম দেয়ার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র ত্রিশাল পৌরসভা।<br>২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা।<br><br>১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল।<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল। |
| জনাব আবুল কালাম মোঃ শামছুদ্দিন, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, ত্রিশাল উপজেলা শাখা সভায় জানান বালির ডাকের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও বালি সরিয়ে নেয়া হচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জনান।<br><br>এছাড়া তিনি আরও বলেন ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যে স্থানে বাস থামিয়ে যাত্রী উঠানামা করানো হয় এটি আরও ১০০ ফুট দক্ষিণ দিকে নেয়ার অনুরোধ জানান। | বালি সরিয়ে নেয়ার বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যে স্থানে বাস থামিয়ে যাত্রী উঠানামা করানো হয় এটি আরও ১০০ ফুট দক্ষিণ দিকে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল<br><br>২। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা। |
| অফিসার-ইনচার্জ (তদন্ত), ত্রিশাল থানা সভায় জানান বর্তমানে ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। গত এক বছরে জুয়ার ২৫০টি এবং মাদকের ১৮০টি মামলা করা হয়েছে। মাদক এবং জুয়া নিয়ন্ত্রণের চেষ্টা চলছে। কোন সন্তান যদি বাবা মার ভরনপোষণ না করে থানায় অভিযোগ দিলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। গরু চুরি বন্ধের বিষয়ে কালির বাজার ও বালিপাড়া চৌরাস্তায় চেক পোস্ট বসানো হবে। সকলকে সচেতন হওয়ার অনুরোধ জানান। | গরু চুরি বন্ধের বিষয়ে সকলকে সচেতন হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |

CamScanner

| | | |
|---|---|---|
| সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল সভায় জানান যে, মহিলা কলেজের সামনের অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে নোটিশ করা হয়েছে। উচ্ছেদের ক্ষেত্রে ১৯৭০ সালের আইনের ধারায় স্থায়ী স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৯৭০ সালের আইনের ধারায় স্থায়ী স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল। ২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা |
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল সভায় জানান আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে আরও কার্যকরী ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। সকল ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করে কার্যবিবরণী উপজেলায় প্রেরণের অনুরোধ জানান। জুয়া বন্ধের বিষয়ে দৃশ্যমান কাজ করা হচ্ছে। | আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে আরও কার্যকরী ভূমিকা রাখা, ইউপি চেয়ারম্যানগণ নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা এবং জুয়া বন্ধের বিষয়ে দৃশ্যমান কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল। ২। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা ৩। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল। |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল বলেন অতীতের সভার চেয়ে আজকের সভাটি অনেক বেশী ফলপ্রসূ হয়েছে। চকরামপুর মাদরাসার প্রিন্সিপাল পুলিশের হাতে গ্রেফতার হলেও জামিনে এসে আবার স্ব-পদে বহাল রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চকরামপুর মাদরাসার প্রিন্সিপাল এর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা। ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, যানজট, বাল্য বিবাহ, মাদকমুক্তসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৩.০০২.২৩- ১৬৭

তারিখ : ০৯/০১/২০২৩ খ্রি.

**বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে :**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপ-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।

**বিতরণ কার্যার্থে :**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
২। মেয়র, ত্রিশাল পৌরসভা, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৫। উপজেলা .................................অফিসার, ত্রিশাল।
৬। চেয়ারম্যান,.............................................. ইউপি, ত্রিশাল।
৭। জনাব, ...............................................................ত্রিশাল।

CamScanner